গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং- ৩১.৩০.৫৬২৮.০০০.১২.০০৩.২৫- ৯৬৮

তারিখঃ ১০ চৈত্র, ১৪৩১ বঃ / ২৩ মার্চ, ২০২৫ খ্রিঃ

## পুন:জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

"সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি" ২০০৯ অনুযায়ী হরিরামপুর উপজেলায় ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট বদ্ধ জলমহাল ও খাস পুকুর সুমহ ১৪৩২ হতে ১৪৩৪ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানে লক্ষে ভূমি মন্ত্রণালয় , সায়রাত-১ অধিশাখার ১০ মার্চ ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২৫.২৪-২৭৪ নম্বর স্মারকের জারিকৃত পত্রানুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি / সদস্য গণের নিকট হতে নির্ধারিত সময়সুচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণ পুর্বক আবেদন আহ্বান করা যাচ্ছে।

"সময়সূচী"

| ম্যানুয়াল আবেদন | ইজারার আবেদনের কপি ও জামানতের কপি বিডি/পে অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। |
|---|---|
| ১০ চৈত্র ১৪৩১ থেকে চৈত্র ১৪৩১ পর্যন্ত<br>২৩/০৩/২০২৫ ইং থেকে ১৭ /০৪/২০২৫ ইং | |

"১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ ০৩ বছর মেয়াদে হরিরামপুর উপজেলাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত জলমহালের তফসিল ও ইজারা মূল্য"

| ক্রমিক নং | জলমহাল/খাস পুকুরের নাম | মৌজা | খং:নং | দাগ নং | পরিমাণ(একরে) | সরকারি মুল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চামারবাড়ি পুকুর | বাসুদেবপুর | ০১ | ১৮৫ | ০.২৫ একর | ৫৭৮৫০/- | |
| ০২ | উজানপাড়া খাসপুকুর-০৪ | উজানপাড়া | ০১ | ৯৩৫৯ | ০.৪৭ একর | ২০৪৭৫/- | |

"নিয়মাবলী"

১. আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/ সম্পাদককে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশনা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২.যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতবস্থায় আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩. জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি unoharirampur@mopa.gov.bd ও acl.harirampur.manikganj.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল ও এ কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫. আবেদনের সকল তথ্যাদির কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ /প্রে-অর্ডার মুল কপি সীলগালাকৃত মুখবদ্ধ খামে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

৬. দরপত্র সিডিউল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিরামপুর অথবা সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয় হরিরামপুর, মানিকগঞ্জ হতে দরপত্র দাখিলের দিন পর্যন্ত অফিস চলাকালে ক্রয় ও নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিরামপুর এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ১২.০০ ঘটিকার সময় দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৭.আবেদনের সীলগালাকৃত মুখবন্ধ খামে প্রাপ্ত কপি চূড়ান্ত কপি হিসেবে বিবেচিত হবে অর্থাৎ পরবর্তীতে কোন কাগজপত্র সংযুক্ত করা যাবে না।

৮.আবেদনের সময় উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে।

৯.জলমহাল ইজারা গ্রহনে আগ্রহী প্রার্থীগণ দরপত্র দাখিলের সময় ইজারা মূল্যের কমপক্ষে ২০% বিডি এবং প্রতিবছর ৩০ শে চৈত্রের মধ্যে পরবর্তী বছরের ইজারা মূল্য,ভ্যাট ও আয়কর জমা প্রদার করতে বাধ্য থাকবেন।

১০.নির্ধারিত মূল্যের উপর সর্বোচ্চ বৈধ দরপত্র দাতাকে জলমহাল ইজারা দেওয়া হবে।তবে একাধিক দরপত্রে হার সমান হলে লটারির মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।

১১.ইজারা গ্রহীতা জলমহালের দখল পাওয়ার পূর্বে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ খরচে চুক্তি সম্পাদন বন্দোবস্ত দেওয়া হবে।

১২.গৃহীত ইজারাদারের দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% হারে আয়কর এবং ১৫% হারে মুল্য সংযোজন কর ইজারা মুল্যের সাথে আলাদা ভাবে এককালীন পরিশোধ করতে হবে।

১৩.দরপত্র আবেদন ফরম গ্রহনকারী আবেদন ফরমের মুল্য বাবদ(অফেরতযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে (১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে) জমা পূর্বক চালানের কপি দাখিল করে ফরম সংগ্রহ করবেন। এবং চালানের কপি আবেদনের সথে সংযুক্ত করতে হবে ।

১৪. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ,২০০৯ এবং জলমহাল ইজারার সংশ্লিষ্ট আইন/আদেশ/নির্দেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয় নি, সেই আদেশ/নির্দেশ/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারি কৃত যেকোন আদেশ/নির্দেশ এবং বিধি বিধান ও আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

১৫.কর্তৃপক্ষ কোনরুপ কারন দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/০৩/২০২৫
(কোহিনুর আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হরিরামপুর, মানিকগঞ্জ

স্মারক নং- ৩১.৩০.৫৬২৮.০০০.১২.০০৩.২৫ - ৯৬৬(১০)

তারিখঃ ১০ চৈত্র, ১৪৩১ বঃ
২৬ মার্চ, ২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, মানিকগঞ্জ
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিরামপুর
৪. উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ
৫. উপজেলা............................................ অফিসার, হরিরামপুর । তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. চেয়ারম্যান ......................................... (সকল) ইউনিয়ন পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি নিজস্ব ওয়েব পোর্টাল আপলোড দিয়েও নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .................................. (সকল) ইউনিয়ন ভূমি অফিস, হরিরামপুর, মানিকগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি মাইক যোগে ও ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. সভাপতি/ সম্পাদক..................................................মৎস্যজীবী সমবায় সমিতি, হরিরামপুর ।
৯. জনাব.......................................................................................................
১০. অফিস কপি।

২৬/০৩/২০২৫
(মো: শাহরিয়ার আশরাফ)
সহকারী কমিশনার (ভূমি) ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
হরিরামপুর, মানিকগঞ্জ

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

## ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হরিরামপুর উপজেলাধীন গালা ও বলড়া ইউনিয়ন ভূমি অফিসের আওতাভুক্ত নিম্ন তফসিল বর্ণিত মোট ০২ (দুই) টি অর্পিত পুকুর বাংলা ১৪৩২ সন হতে ১৪৩৪ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ইজারা প্রদানের লক্ষ্যে আগামী ১৭/০৪/২০২৫ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রকাশ্য নিলামে ইজারা দেয়া হবে।

"তফসিল"

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা ও তফসিল | | | | | ১ম বার | ২য় বার | ৩য় বার | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান | দাগ | শ্রেণি | পরিমাণ (একরে) | ১৭/০৪/২৫ | ২২/০৪/২৫ | ২৭/০৪/২৫ | |
| ১. | দশবাড়িয়া অর্পিত পুকুর | দশবাড়িয়া | ১৫৮/৪৪০ | ৯৩/১৪০ | পুকুর | ০.৫০ | | | | ৪০,১১০/- |
| ২. | বলড়া অর্পিত পুকুর | বলড়া | ২,১৫,২৩,৩২ | ১০৯ | পুকুর | ০.৩০ | | | | ২৫,২০০/- |

ডাক গ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে উল্লেখিত তারিখে যথাসময়ে নির্ধারিত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

### শর্তাবলী:

১। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে নিম্ন স্বাক্ষরকারীর অনুকূলে প্রতিটি পুকুরের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা জামানত হিসেবে জমা দিয়ে ডাক তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে হবে। জামানত ব্যতীত কাউকে নিলাম ডাকে অংশগ্রহণ করতে দেয়া হবে না। অকৃতকার্য ডাককারীকে নিলাম ডাক শেষ হওয়ার পর পরই জামানতের অর্থ ফেরত দেয়া হবে।
২। সফল ডাককারীকে ডাক শেষ হওয়ার সাথে সাথেই ডাকের সমুদয় অর্থ এককালীন জমা দিতে হবে এবং ইজারা মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% হারে ভ্যাট পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে চালানের মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দিয়ে চালানের মূলকপি সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস হরিরামপুর, মানিকগঞ্জ বরাবর দাখিল করতে হবে।
৩। ইজারাদারকে সহকারী কমিশনার (ভূমি) বরাবরে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে একটি অঙ্গীকার নামা দাখিল করে পুকুরের দখল সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে বুঝে নিতে হবে।
৪।উপর্যুক্ত কর্তৃপক্ষের মঞ্জুরী সাপেক্ষে এ অস্থায়ী ইজারা বন্দোবস্ত দেয়া হবে। কোন কারণে কর্তৃপক্ষ ইজারা অনুমোদন না করলে সর্বোচ্চ ডাককারী বিনা ক্ষতিপূরণে ইজারা অর্থ ফেরত নিতে বাধ্য থাকবেন।
৫। দুর্গন্ধযুক্ত ও জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন বস্তু মাছের খাবার হিসেবে ব্যবহার করা যাবে না।
৬। ইজারাদার নিজ খরচে পুকুর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য দায়ী থাকবেন।
০৭। ইজারা প্রদানকৃত পুকুর কোনরূপ শ্রেণী পরিবর্তন করা যাবে না।
০৮। ইজারা প্রদানকৃত পুকুর অন্য কারো নিকট সাব-লীজ প্রদান করা যাবে না।
০৯।উপরোক্ত যে কোন শর্ত পালনে ব্যর্থ হলে ইজারা মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বন্দোবস্ত বাতিল করা হবে এবং ইজারা অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
০৫। নিলাম ডাক গ্রহণ/বাতিল করার ক্ষমতা কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৫/০৩/২০২৫
কোহিনুর আক্তার
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
নিলাম পরিচালনা কমিটি
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নম্বর-৩১.৩০.৫৬২৮.০০০.১০.০০৪.২৫-- ৯৬৫ তারিখ : ২৬ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি:-
০১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ।
০২। উপজেলা ............................ কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৩। চেয়ারম্যান, গালা/বলড়া ইউনিয়ন পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, গালা/বলড়া ইউনিয়ন ভূমি অফিস, হরিরামপুর, মানিকগঞ্জ। তাকে বিষয়টি ঢোল সহরত সহ ব্যাপক প্রচারের মাধ্যমে তামিল প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।
০৫।...........................................................(সাবেক ইজারাদার)
০৬।নোটিশ বোর্ড.........................................অফিস, হরিরামপুর।
০৭। অফিস কপি।

২৬/০৩/২৫
সহকারী কমিশনার (ভূমি)
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner